

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনারা আসামীগণ জনাব মোঃ আনোয়ার হোসেন, মোঃ রাশেদুল্লাহ, মোঃ শাহ কামাল এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনারা পলাতক রহিয়াছেন এবং আপনাদেরকে গ্রেফতার বা আপনাদেরকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাদেরকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাদেরকে আগামী ০২-১১-২০১৫ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনাদের অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
১	জনাব আনোয়ার হোসেন, সাবেক অফিসার, উত্তরা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা, পিতা মৃত মজিবুর রহমান, ঠিকানা : ২১৩, উত্তর গোরান, খিলগাঁও, ঢাকা (বর্তমানে অবসরপ্রাপ্ত)।	মেট্রোঃ বিশেষ মামলা নং ৬৭১/১৪, (মতিঝিল (ডিএমপি) থানার মামলা নং ৯৮, তারিখ ২৯-০৭-২০০২ খ্রিঃ), ধারাঃ ৪০৯//৪১৯/৪২০/১০৯ দঃ বিঃ এবং ১৯৪৭ সনের ২ নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।

(৮২২৩)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	পলাতক আসামীদের নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
২	জনাব মোঃ রাশেদুল্লাহ, সাবেক ব্যবস্থাপক ও এ,জি,এম, উত্তরা ব্যাংক লিঃ, বৈদেশিক বাণিজ্য শাখা, ঢাকা, পরবর্তীতে আন্তর্জাতিক বিভাগ শাখা, উত্তরা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা, পিতা মৃত আব্দুল কাদের, ঠিকানা ৬৯৩/সি, মালিবাগ চৌধুরীপাড়া, ঢাকা (বর্তমানে অবসরপ্রাপ্ত)।	মেট্রোঃ বিশেষ মামলা নং ৬৭১/১৪, (মতিঝিল (ডিএমপি) থানার মামলা নং ৯৮, তারিখ ২৯-০৭-২০০২ খ্রিঃ), ধারাঃ ৪০৯//৪১৯/৪২০/১০৯ দঃ বিঃ এবং ১৯৪৭ সনের ২ নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।
৩	জনাব মোঃ শাহ কামাল, সাবেক কর্মকর্তা, উত্তরা ব্যাংক লিঃ, বৈদেশিক বাণিজ্য শাখা, ঢাকা, পিতা মৃত মোঃ কাশেম, সাং সিপাইপাড়া, থানা রাজপাড়া, জেলা রাজশাহী (বর্তমানে অবসরপ্রাপ্ত)।	

মোঃ কামরুল হোসেন মোল্লা  
মহানগর দায়রা জজ এবং  
পদাধিকারবলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।